মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষা বোর্ড
বরিশাল

www.barisalboard.gov.bd

স্মারক নং-বশিবো/কলেজ/অনুঃ/২০১৫/ ২৬৮ তারিখঃ ২১/৪/১৫

বিষয় ঃ ইসলামের ইতিহাস ও সংস্কৃতি এবং সংস্কৃত বিষয়ের স্বীকৃতি প্রদানের প্রেক্ষিতে নিম্নোক্ত বিষয়গুলো অবলম্বন প্রসংগে।

সূত্র ঃ অধ্যক্ষের ১১/১২/২০১৪ খ্রিঃ তারিখের আবেদন।

উপর্যুক্ত বিষয় ও সূত্র মোতাবেক চেয়ারম্যান মহোদয়ের ২২/০১/২০১৫ তারিখের নির্দেশক্রমে জানানো যাচ্ছে যে, গাওখালী মাধ্যমিক বিদ্যালয় ও কলেজ, ডাকঃ গাওখালী, উপজেলাঃ নাজিরপুর, জেলাঃ পিরোজপুর-এর ইসলামের ইতিহাস ও সংস্কৃতি এবং সংস্কৃত বিষয়ের স্বীকৃতি প্রদানের প্রেক্ষিতে নিম্নোক্ত বিষয়গুলো অবলম্বনের জন্য তাঁকে অনুরোধ করা হলো।

(ক) উল্লিখিত ০২ টি বিষয়ের বিগত ০৩ (তিন) বছরের পরীক্ষার ফলাফল প্রেরণ করতে হবে।
(খ) ২০১৩-২০১৪ এবং ২০১৪-২০১৫ শিক্ষাবর্ষের শিক্ষার্থীর সংখ্যা প্রেরণ (ভর্তি রেজিস্টার এর সত্যায়িত ফটোকপি সহ)।
(গ) ঐ ০২ টি বিষয়ে শিক্ষক নিয়োগ যোগদান এবং নিয়োগকৃত শিক্ষকদের সকল সনদ ও নম্বরপত্রের সত্যায়ন কপি।
(ঘ) ৪,০০০/- (চরা হাজার) টাকার ডি.ডি/পে-অর্ডার জমা দিতে হবে।

২১.০৪.২০১৫

ড. মোঃ লিয়াকত হোসেন # ৯৫১১
কলেজ পরিদর্শক
মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড, বরিশাল
টেলিফোনঃ ০৪৩১-৬৪৭৪৫
gmail: drliaquate@gmail.com

অধ্যক্ষ
গাওখালী মাধ্যমিক বিদ্যালয় ও কলেজ
ডাকঘরঃ গাওখালী বাজার, উপজেলা ঃ নাজিরপুর
জেলা ঃ পিরোজপুর।

২১/৪/১৫

অবগতি ও কার্যার্থে তিবরণ
০২। একান্ত সচিব, মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষা বোর্ড, বরিশাল।
০৩। সংরক্ষণ নথি।

১৫-২/০১

মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড
বরিশাল

www.barisalboard.gov.bd

স্মারক নং-বশিবো/কলেজ/অনুঃ/২০১৫/ তারিখঃ .....

বিষয় ঃ- ইসলামের ইতিহাস ও সংস্কৃতি এবং সংস্কৃত বিষয়ের পাঠদানের অনুমতির মেয়াদ বৃদ্ধি।

সূত্র ঃ অধ্যক্ষের ১১/১২/১৪ খ্রিঃ তারিখের আবেদন।

উপর্যুক্ত বিষয় ও সূত্রের প্রেক্ষিতে এ বোর্ডের চেয়ারম্যান মহোদয়ের ২২/০১/২০১৫ খ্রিঃ তারিখের নির্দেশক্রমে জানানো যাচ্ছে যে, নিম্নবর্ণিত শর্তাবলী পূরণ সাপেক্ষে গাওখালী মাধ্যমিক বিদ্যালয় ও কলেজ, ডাক ঃ গাওখালী বাজার, উপজেলা ঃ নাজিরপুর, জেলা ঃ পিরোজপুর-এর উচ্চ মাধ্যমিক পর্যায়ে ইসলামের ইতিহাস ও সংস্কৃতি এবং সংস্কৃত বিষয়ের পাঠদানের অনুমতির মেয়াদ ০১/০৭/২০১৩ হতে ৩০/০৬/২০১৪ তারিখ পর্যন্ত মোট ০১ (এক) বছরের জন্য বৃদ্ধি করা হলো।

পাঠদানের সময়সীমা ৩০/০৬/২০১৪ তারিখ অতিক্রান্ত হবার পর পুনরায় পাঠদানের মেয়াদ নবায়ন না করা হলে উক্ত অনুমতি স্বয়ংক্রীয় ভাবে বাতিল বলে গণ্য হবে এবং উচ্চমাধ্যমিক পর্যায়ে উক্ত বিষয়সমূহের পরীক্ষা সংক্রান্ত যাবতীয় কার্যাবলী পরিচালনা বারিত হবে।

শর্তাবলী

০১। প্রতি শিক্ষাবর্ষে প্রতি বিষয়ে ন্যূনতম ২৫ (পঁচিশ) জন করে ছাত্র-ছাত্রী ভর্তি ও ৭৫% পরীক্ষায় অংশ গ্রহণ এবং এর ৭৫% পাস করাতে হবে
০২। কলেজের শিক্ষার মান উন্নত করতে হবে এবং পাবলিক পরীক্ষায় পাসের হার আরও বৃদ্ধি করতে হবে
০৩। জনবল কাঠামোর অতিরিক্ত শিক্ষক/কর্মচারী নিয়োগ করে বেতনের সরকারি অংশ উত্তোলন করা যাবে না
০৪। কলেজের ভবন ও আসবাবপত্র বৃদ্ধি করাসহ প্রয়োজনীয় যন্ত্রপাতি ক্রয় করতে হবে
০৫। টিউটোরিয়াল ক্লাস ও পরীক্ষার ব্যবস্থা করতে হবে এবং এর লিখিত রেকর্ডপত্র সংরক্ষণ করতে হবে
০৬। গ্রন্থাগারে পাঠ্যপুস্তক ও সাহায্যকারী পুস্তক-এর সংখ্যা বাড়াতে হবে
০৭। জরুরী ভিত্তিতে বাৎসরিক ক্লাশ রুটিন নিম্নস্বাক্ষরকারীর দপ্তরে দাখিল করতে হবে
০৮। সর্বশেষ বিধি মোতাবেক শিক্ষক-কর্মচারীদের কলেজে উপস্থিতি নিশ্চিত করতে হবে
০৯। শিক্ষা বোর্ড কর্তৃপক্ষ কর্তৃক যে কোন সময়ে কলেজটি আকস্মিক পরিদর্শনের নিমিত্তে প্রস্তুত থাকতে হবে
১০। ব্যবহারিক ক্লাস ও ক্লাসে শিক্ষার্থীদের হাজিরা নিশ্চিত করতে হবে

২১-০৪.১৫

ড. মোঃ লিয়াকত হোসেন # ৯৫১১
কলেজ পরিদর্শক
মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড, বরিশাল
টেলিফোনঃ ০৪৩১-৬৪৭৪৫
gmail: drliaquate@gmail.com

অধ্যক্ষ
গাওখালী মাধ্যমিক বিদ্যালয় ও কলেজ
ডাকঘরঃ গাওখালী বাজার, উপজেলা ঃ নাজিরপুর
জেলা ঃ পিরোজপুর।

২১/৪/১৫

অবগতি ও কার্যার্থে তিবরণ
০১। মহা-পরিচালক, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর, ঢাকা
০২। উপজেরা নির্বাহী অফিসার, নাজিরপুর, পিরোজপুর।
০৩। সিস্টেম এনালিস্ট, মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষা বোর্ড, বরিশাল
০৪। একান্ত সচিব, মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষা বোর্ড, বরিশাল
০৪। সংরক্ষণ কপি।

১৫/১